

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৪২

আগরতলা, ৭ জানুয়ারি, ২০২৬

জিবিপি হাসপাতালে গুলিবিদ্ধ  
তরুণীর হৃদপিণ্ডে সফল অঙ্গোপচার



আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিপিপি হাসপাতালের চিকিৎসকদের হৃদপিণ্ডে সফল অঙ্গোপচারে প্রাণ রক্ষা পেল এক তরুণী। খুমুলুঙ এডিসির সদর দপ্তর এলাকার শ্যামানন্দ পাড়ার দীপালি দেববর্মা (৩০) নামে এক মহিলাকে তার ভাই গুরুতর আহত অবস্থায় গত ৩ জানুয়ারি শনিবার রাত সাড়ে দশটা নাগাদ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে নিয়ে আসেন। তখন তার ভাই চিকিৎসকদের জনান যে, অসাবধানতাবশত বন্দুকের একটি গুলি দীপালি দেববর্মার শরীরে লাগে এবং তাতে তিনি জখম হয়েছেন। এর সঙ্গে সঙ্গেই জিবিপি হাসপাতালে তাকে নিয়ে তিনি চলে আসেন। চিকিৎসকরা দ্রুত রোগীর পরীক্ষা-নিরীক্ষা শুরু করেন এবং মহিলার শারীরিক অবস্থার গুরুত্ব অনুধাবন করে চিকিৎসকরা তৎক্ষণাত্মে হাসপাতালের সিটিভিএস অ্যান্ড আইআর ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ সিটিভিএস সার্জন ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্যের মতামত নেবার জন্য যোগাযোগ করেন। এরপর বিশেষজ্ঞ সিটিভিএস সার্জন ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্য মহিলার শারীরিক অবস্থার শারীরিক অবস্থার কথা বিবেচনা করে রোগীর চিকিৎসা শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করেন। সেই অনুযায়ী বিশেষজ্ঞ সিটিভিএস সার্জন ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্যের তত্ত্বাবধানে দশ সদস্যক সিটিভিএস অ্যান্ড আইআর ডিপার্টমেন্টের সার্জিকেল টিম রোগীর হাতে পেরিকার্ডিয়ামের মধ্যে বিন্দু হয়ে থাকা গুলিটি ক্যাথল্যাব এর ফ্লুরোস্কপি যন্ত্রের দ্বারা ধাতব গুলিটি চিহ্নিত করেন এবং সেখান থেকে সফলভাবে বের করে আনেন। বর্তমানে রোগী সংকটমুক্ত এবং আইসিইউ-তে চিকিৎসকদের অধীনে চিকিৎসাধীন রয়েছে। উক্ত অঙ্গোপচারে সিটিভিএস সার্জন ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্যের সাথে অনান্য চিকিৎসকদের মধ্যে ছিলেন কার্ডিয়াক অ্যানেস্থেসিওলজিস্ট ডাঃ রিমবিম চাকমা, ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট সুদীপ্ত মণ্ডল, ওটি অ্যাসিস্ট্যান্ট ছিলেন জয়দীপ চক্রবর্তী, অভিজিৎ রায়, অন্নবাহাদুর জমাতিয়া, সৌরভ শীল, মৌসুমী দেবনাথ, ক্যাথলেব টেকনিশিয়ান সঞ্জয় ঘোষ, অভিজিৎ পাল, ক্যাথলেব নার্স প্রাণকৃষ্ণ দেব, সৌরভ ত্রিপুরা, দেবৱ্রত দেবনাথ প্রমুখ। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*